সোমবার
২৮ পৌষ ১৪৩২, ১২ জানুয়ারি ২০২৬
দৈনিক ইত্তেফাক

মাস্টারদা সূর্য সেনের ৯২তম ফাঁসি দিবস আজ

■ ইত্তেফাক রিপোর্ট

ব্রিটিশবিরোধী স্বাধীনতাসংগ্রামী মাস্টারদা সূর্য সেনের ৯২তম ফাঁসি দিবস আজ ১২ জানুয়ারি রবিবার। ১৯৩৪ সালের এই দিন চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে মাস্টারদা সূর্যসেন ও তার অন্যতম সহযোগী তারকেশ্বর দস্তিদারের ফাঁসি কার্যকর হয়েছিল।

এরপর গত ৯২ বছরে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের সেই ফাঁসির মঞ্চে আর কোনো ফাঁসি কার্যকর হয়নি। এরপর মৃত্যুদণ্ড কার্যকরের জন্য তৈরি হয়েছে নতুন ফাঁসির মঞ্চ। চট্টগ্রামের অগ্নিযুগের বিপ্লবীদের স্মৃতিবিজড়িত ঐ ফাঁসির মঞ্চটি ঐতিহাসিক নিদর্শন হিসেবে সংরক্ষণ করছে কেন্দ্রীয় কারাগার কর্তৃপক্ষ।

ঐতিহাসিক নথি ঘেঁটে দেখা যায়, আলীপুর কারাগার থেকে আসা কয়েদি শিবু রাগাদি জল্লাদ হিসেবে সূর্য সেন ও তারকেশ্বরের ফাঁসি কার্যকর করেন। ফাঁসির পর বিপ্লবীদের লাশ তাদের স্বজনদের কাছে দেওয়া হয়নি। ১৯৩৩ সালে স্পেশাল ট্রাইব্যুনাল গঠন করে বিচার করা হয়েছিল বিপ্লবীদের। এই ট্রাইব্যুনালের সভাপতি ছিলেন ডব্লিউ ম্যাকশ। রায়বাহাদুর রাজকুমার ঘোষ ও খন্দকার আলী কৈয়ব ট্রাইব্যুনালের সদস্য ছিলেন। রায়ের আদেশে সূর্য সেন ও তারকেশ্বরকে ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদণ্ড ও কল্পনা দত্তকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছিল।

ইতিহাসবিদরা জানান, ফাঁসি কার্যকরের পর ব্রিটিশ শাসকেরা মাস্টার দা সূর্য সেন ও তারকেশ্বর দস্তিদারের মৃতদেহের সঙ্গে লোহার টুকরো বেঁধে বঙ্গোপসাগরে ভাসিয়ে দেয়। সে কারণে ব্রিটিশবিরোধী আন্দোলনের মহানায়কদের স্মৃতিচিহ্ন হিসেবে কেবল টিকে আছে ফাঁসির মঞ্চটি। চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের ফাঁসির মঞ্চের পেছনের দেওয়ালে সূর্য সেনের প্রতিকৃতি স্থাপন করা হলেও তার সহযোগী তারকেশ্বর দস্তিদারের কোনো স্মৃতিচিহ্ন নেই। ফেলে দেলা হয়েছে তাদের স্মৃতিবিজড়িত কারাগারের কনডেম সেলটিও।

বিপ্লবী সূর্য সেন 'যুগান্তর' দলের চট্টগ্রাম শাখার প্রধান এবং ১৯৩০ সালে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের প্রধান সংগঠক। ১৮৯৪ সালের ২২ মার্চ রাউজানের নোয়াপাড়া গ্রামে সূর্য সেনের জন্ম। তার পুরো নাম সূর্যকুমার সেন। ডাকনাম কালু।

বাবা রাজমনি সেন এবং মা শশীবালা দেবী। স্থানীয় দয়ামন্ত্রী বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষার পর নোয়াপাড়া উচ্চ ইংরেজি বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করেন এবং ১৯১২ সালে চট্টগ্রাম ন্যাশনাল হাইস্কুল থেকে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চট্টগ্রাম কলেজে ভর্তি হন। মাস্টারদার নেতৃত্বে চট্টগ্রাম চার দিন মুক্ত থাকে। ইংরেজ প্রশাসন সূর্য সেনকে ১৯৩৩ সালের ১৬ ফেব্রুয়ারি টৈরলা গ্রাম থেকে গ্রেফতার করে। তারপর কঠোর গোপনীয়তার মাধ্যমে বিচারকাজ চলে।

সরাইলে বিএনপির সঙ্গে যুবদলের সংঘর্ষ, আহত অর্ধশতাধিক

■ সরাইল (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা

ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার হাওর বেষ্টিত অরুন্নাইল বাজারে অরুন্নাইল ইউনিয়ন যুবদলের আহ্বায়ক গাজী আবদুল আজিজ (৪৫) ও একই ইউনিয়ন যুবদলের সাবেক সহসভাপতি ও বর্তমানে বিএনপি নেতা আবদুল খালেকের (৪৭) সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে শনিবার বেলা ২টা থেকে সন্ধ্যা সাড়ে ৫টা পর্যন্ত দুই নেতার লোকজনের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে। গাজী আবদুল আজিজ অরুন্নাইল ইউনিয়নের ধামাউড়া গ্রামের আর আবদুল খালেক রাশীদিয়া গ্রামের বাসিন্দা। সংঘর্ষে অর্ধশতাধিক লোক আহত হয়েছে এবং অরুন্নাইল বাজারের শত শত দোকান বন্ধ হয়ে যায়।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে শুক্রবার রাত ৯টার দিকে অরুন্নাইল বাজার এলাকায় গাজী আবদুল আজিজের নেতৃত্বে সাত-আট জন লোক আবদুল খালেককে মারধর করে বাজার এলাকা থেকে তাড়িয়ে দেয়। এ ঘটনায় শনিবার সকাল ১১টার দিকে আবদুল খালেকের লোকজন আবদুল আজিজকে মারধর করে মাথা ফাটিয়ে দিয়েছে। এর পর থেকে বাজার এলাকায় উভয় পক্ষের মধ্যে উত্তেজনা বাড়তে থাকে। দুপুরে ধামাউড়া ও রাশীদিয়া গ্রামের লোকজন ইটপাটকেল, লাঠিসোঁটা ও বল্লম নিয়ে অরুন্নাইল বাজারের অলি-গলিতে সংঘর্ষে জড়িয়ে পড়ে। সংঘর্ষে উভয় পক্ষের অর্ধশতাধিক লোকজন আহত হয়েছে। সরাইল থানা থেকে পুলিশ সন্ধ্যা সাড়ে ৫টার দিকে অরুন্নাইল বাজারে পৌঁছালে পরিস্থিতি শান্ত হতে থাকে। সরাইল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনজুর কাদের ভূঁইয়া ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে দীর্ঘ সময় ধরে সংঘর্ষের ঘটনা ঘটেছে।

সিলেটে মাজার জিয়ারত

১৬ পৃষ্ঠার পর

অনুষ্ঠানে তারেক রহমান বলেন, সামনে নির্বাচন। আমি একটি রাজনৈতিক দলের সদস্য। স্বাভাবিকভাবেই আমরা ২২ তারিখ (২২ জানুয়ারি) থেকে আমাদের সব রকম পরিকল্পনা নিয়ে জনগণের সামনে যাব।

প্রসঙ্গত যে, ইতিপূর্বে উত্তরাঞ্চলের বগুড়া, ঠাকুরগাঁও, রংপুরসহ চারটি জেলা সফরের কর্মসূচি নিয়েছিলেন তারেক রহমান। তবে নির্বাচন কমিশনের অনুরোধে গত শুক্রবার রাতে দলের স্থায়ী কমিটির এক জরুরি বৈঠকে তারেক রহমানের উত্তরাঞ্চলের সফর স্থগিতের কথা জানানো হয়। সেই বৈঠকে তিনি দলের চেয়ারম্যানের দায়িত্ব নেন।

আয়নাঘরে ফিরতে না চাইলে গণভোটে 'হ্যাঁ' দিন : আদিলুর

■ ইত্তেফাক রিপোর্ট

নগর উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, সামাজিক সেবা ও জনসচেতনতা বৃদ্ধিতে অবদান রাখা ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংগঠনগুলোকে নাগরিক পদক-২৫ দিয়েছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। গতকাল রবিবার রাজধানীর গুলশানে ডিএনসিসির নগর ভবনে এসব ক্ষেত্রে অবদান রাখার জন্য আটটি ক্যাটাগরিতে ব্যক্তি ও প্রতিষ্ঠানকে এ পদক দেওয়া হয়।

এসময় অতিথির বক্তব্যে স্থানীয় সরকার উপদেষ্টা আদিলুর রহমান খান বলেন, বাংলাদেশকে যদি আবারও গুম, বিচারবহির্ভূত হত্যা, নির্যাতন ও তথাকথিত 'আয়নাঘরের' অন্ধকার দিনগুলোতে ফিরে যেতে না হয়, তাহলে গণভোটের পক্ষে স্পষ্ট অবস্থান নিতে হবে এবং 'হ্যাঁ' ভোট দিতে হবে। একই সঙ্গে জনগণকে নিজেদের পছন্দের গণপরিষদ সদস্য নির্বাচিত করার আহ্বান জানান তিনি। তিনি বলেন, দেড় বছর আগে ঢাকার রাস্তায় ছাত্র, শ্রমিক ও সাধারণ মানুষ বাংলাদেশের পরিবর্তনের জন্য রক্ত দিয়েছেন। সেই আত্মত্যাগের ধারাবাহিকতায় একটি নতুন বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়নে অন্তর্বর্তীকালীন সরকার কাজ করে যাচ্ছে।

পদক প্রদান অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, লেখক ও বুদ্ধিজীবী অধ্যাপক সলিমুল্লাহ খান, স্থানীয় সরকার বিভাগের সচিব রেজাউল মাকছুদ জহেদী, ঢাকা দক্ষিণ সিটির প্রশাসক মাহমুদুল হাসান উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন ঢাকা উত্তর সিটির প্রশাসক মোহাম্মদ এজাজ।

উদ্ভাবক ও স্টার্টআপ ক্যাটাগরিতে আবদুর রশিদ সোহাগ; ব্যক্তি উদ্যোগ ক্যাটাগরিতে শ্রুতি রানী দে; সোশ্যাল মিডিয়া কনটেন্ট নির্মাণ ক্যাটাগরিতে আপলিফট বাংলাদেশ; পরিবেশবান্ধব শিক্ষাপ্রতিষ্ঠান ক্যাটাগরিতে আফতাবনগর স্কুল অ্যান্ড কলেজ; সামাজিক সংগঠন ক্যাটাগরিতে উত্তরা পাবলিক লাইব্রেরি; প্রাণী সুরক্ষা ও প্রাণী অধিকার রক্ষা ক্যাটাগরিতে প ফাউন্ডেশন (পিপল ফর অ্যানিমেল ওয়েলফেয়ার ফাউন্ডেশন); অ্যাডভোকেসি ক্যাটাগরিতে হাওয়া বেগম এবং সর্বোচ্চ কল্পনাতা ক্যাটাগরিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পুরস্কার পেয়েছে। পুরস্কার হিসেবে বিজয়ীদের পদক, সনদ, সম্মাননা স্মারক ও অর্থ প্রদান করা হয়।

চট্টগ্রামে পাঠাও চালককে ছুরিকাঘাত করে হত্যা

■ চট্টগ্রাম অফিস

নগরীতে আজিজুর রহমান নামে এক যুবক ছুরিকাঘাতে নিহত হয়েছে। গত শনিবার গভীররাতে পোর্ট কলোনি এলাকার সড়কের ওপর এ ঘটনা ঘটে। নিহত আজিজুর রহমান (৩৫) বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলার আলতি বুরুজবাড়িয়া এলাকার মৃত হাসেন আলীর ছেলে। পেশায় অ্যাপভিত্তিক রাইড শেয়ারিং সার্ভিস 'পাঠাও' এর বাইক চালক আজিজুর নগরীর বন্দরটিলা এলাকায় ভাড়া বাসায় থাকতেন।

বন্দর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবদুর রহিম বলেন, 'আনুমানিক রাত দেড়টার দিকে পোর্ট কলোনিসংলগ্ন নিমতলা সড়কে রক্তাক্ত অবস্থায় আজিজুর পড়ে ছিলেন। আমাদের টহল পুলিশের টিম তাকে দেখতে পেয়ে উদ্ধার করে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ (চমেক) হাসপাতালে নিয়ে যায়। সেখানে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।'

প্রাথমিক তদন্তে পাওয়া তথ্যের ভিত্তিতে ওসি বলেন, 'ঘটনাস্থলে তার পাঠাও সার্ভিসের বাইক, মোবাইল ও মানিব্যাগ পাওয়া যায়। সেই সূত্রে আমরা তার পরিচয় নিশ্চিত করি প্রথমে। তবে ঘটনাস্থলের সিসি ক্যামেরার ফুটেজ পর্যালোচনা করে দেখা গেছে, সে আহত অবস্থায় বাইক চালিয়ে সেখানে আসে। সেখানে চলন্ত বাইক থেকে সে রাস্তায় ঢলে পড়ে। তার শরীরে ছুরিকাঘাতের চিহ্ন আছে। সম্ভবত অন্য কোথাও ছুরিকাঘাতে আহত হওয়ার পর বাইক চালিয়ে বাসায় যাওয়ার পথে সে রাস্তায় পড়ে যায় এবং অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়।'

বাউফলে যুবকের বিরুদ্ধে দুই মাদ্রাসাছাত্রীকে ধর্ষণের অভিযোগ, মা আটক

■ বাউফল (পটুয়াখালী) সংবাদদাতা

পটুয়াখালীর বাউফল উপজেলায় নবম শ্রেণি পড়ুয়া দুই মাদ্রাসাছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে অনিক (২০) নামে যুবকের বিরুদ্ধে। এ ঘটনায় এক শিক্ষার্থীর মা বাদী হয়ে বাউফল থানায় ধর্ষণ মামলা করলে অভিযুক্ত অনিকের মা মোসাম্মৎ নুর জাহান বেগমকে (৫০) গ্রেফতার করেছে পুলিশ। অনিক উপজেলার মদনপুরা ইউনিয়নের চন্দ্রপাড়া গ্রামের খলিলুর রহমান খোকনের ছেলে। রাতভর দুই শিক্ষার্থী থানা পুলিশের হেফাজতে থাকার পর গতকাল রবিবার সকালে তাদের আদালতে সোপর্দ করা হয়।

জানা গেছে, গত বৃহস্পতিবার সকালে ঐ দুই বান্ধবী মাদ্রাসায় যাওয়ার কথা বলে বাড়ি থেকে বের হয়। এরপর সারা দিন তারা বাড়ি ফিরে না আসায় তাদের অভিভাবকরা মাদ্রাসায় খোঁজ নিয়ে জানতে পারেন তারা সেদিন ঐ প্রতিষ্ঠানে যায়নি। এরপর বিভিন্ন স্থানে খুঁজে কোনো সন্ধান না পেয়ে শুক্রবার বাউফল থানায় সাধারণ ডায়েরি করেন।

নাম প্রকাশে অনিচ্ছুক একটি সূত্র জানায়, বৃহস্পতিবার সকালে অনিক ঐ স্কুলের একজনকে বাসায় ডাকে। সে একা না গিয়ে তার সহপাঠীকে সঙ্গে নেয়। সেখানে অনিক দুই সহপাঠীকেই ধর্ষণ করে। দুই কিশোরীর একজন গুরুতর অসুস্থ হয়ে পড়ায় তারা আর ঐ দিন বাড়ি ফিরে যায়নি। শুক্রবার রাতে বাড়ি ফিরে তারা অভিভাবকদের পুরো বিষয়টি খুলে বললে এক কিশোরীর মা বাউফল থানায় অভিযোগ দায়ের করেন। দুই কিশোরীর অভিযোগ, ঘটনার সময় অনিকের মা বাসায় ছিলেন। অথচ তিনি কোনো প্রতিবাদ করেননি। বরং পরোক্ষভাবে তিনি ছেলেকে সহায়তা করেছেন।

বাউফল থানার পরিদর্শক (তদন্ত) অতিকুল ইসলাম বলেন, দুই কিশোরীর সঙ্গে কথা বলে প্রাথমিকভাবে ধর্ষণের সত্যতা পাওয়া গেছে। এ ঘটনায় মামলা করেছেন ভুক্তভোগী এক কিশোরীর মা। মামলার পর ধর্ষণে সহায়তা করার অভিযোগে অনিকের মাকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল রবিবার জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে যুক্তরাষ্ট্রের সাবেক স্টেট সেক্রেটারি অ্যালবার্ট টি গাম্বিসের নেতৃত্বে একটি প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করে —ইত্তেফাক

বাস সার্ভিসে কাউন্টারভিত্তিক ও ই-টিকিটিং পদ্ধতি চালু হচ্ছে

■ বিশেষ প্রতিনিধি

ঢাকা মহানগর ও শহরতলির গণপরিবহন ব্যবস্থাকে শৃঙ্খলায় আনতে কাউন্টারভিত্তিক ও ই-টিকিটিং পদ্ধতিতে বাস পরিচালনার উদ্যোগ নিয়েছে ঢাকা পরিবহন মালিক সমিতি ও বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি। এ উদ্যোগ বাস্তবায়নে গতকাল ঢাকা মহানগর নাট্যমঞ্চসংলগ্ন মাঠে সচেতনতামূলক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সভায় পরিবহন মালিক, শ্রমিক নেতা, পুলিশ প্রশাসন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতিনিধিদের অংশগ্রহণে আয়োজিত এ সভায় নতুন ব্যবস্থাপনা বাস্তবায়নে ঐকমত্যে পৌঁছান। একই বিষয়ে আজ সোমবার এ সভা অনুষ্ঠিত হবে। এ সভার সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে আরবানটেক মুভ লিমিটেড।

সভায় প্রধান অতিথি অতিরিক্ত পুলিশ কমিশনার মো. সরওয়ার বলেন, এই ব্যবস্থাপনা চালুর মাধ্যমে সড়কে ইতিবাচক পরিবর্তন আসবে বলে আমরা আশাবাদী। সড়কে শৃঙ্খলা ফেরাতে পুলিশ প্রশাসন সব সময় কাজ করে যাচ্ছে। এতে মালিক, শ্রমিক ও যাত্রী, সবার সহযোগিতা প্রয়োজন। চালক ও মালিকদের উৎসাহ দিতে আমরা সহযোগিতামূলক ভূমিকা পালন করব। কেউ হয়রানির শিকার হলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে।

সড়ক পরিবহন মালিক সমিতির মহাসচিব মো. সাইফুল আলম বলেন, বাস্তবতায় দেখা গেছে, নির্দিষ্ট রুট নেই, চালকদের কাজের সময় নির্ধারিত নয়, কোম্পানি ও মালিকের মধ্যে সুস্পষ্ট চুক্তির অভাব রয়েছে এবং যাত্রী ওঠানামার নির্দিষ্ট স্টপেজ না থাকায় প্রতিনিয়ত প্রতিযোগিতামূলক ও ঝুঁকিপূর্ণ পরিস্থিতি তৈরি হচ্ছে। এতে যাত্রী ও পথচারী নিহত হওয়ার ঘটনাও ঘটছে। নগদ অর্থ লেনদেনের কারণে পরিবহন খাতে চাঁদাবাজির অভিযোগ সৃষ্টি হচ্ছে, যার দায় গিয়ে পড়ছে মালিক, শ্রমিক ও পুলিশের ওপর। এই প্রেক্ষাপটে তিনি জানান, কাউন্টারভিত্তিক ও ই-টিকিটিং পদ্ধতিতে বাস পরিচালনাই এই সংকট থেকে উত্তরণের কার্যকর পথ। নির্দিষ্ট স্টপেজ থেকে যাত্রী ওঠানামা, নির্ধারিত কাউন্টার থেকে যাত্রা শুরু ও শেষ, রুটভিত্তিক সময়সূচি ও রোটেশন পদ্ধতিতে বাস ছাড়ার মাধ্যমে যানজট কমানো এবং শৃঙ্খলা ফিরিয়ে আনা সম্ভব হবে। নগদ অর্থের পরিবর্তে ডিজিটাল লেনদেন চালু হলে চাঁদাবাজির সুযোগও বন্ধ হবে।

একাধিক বিয়ের

১৬ পৃষ্ঠার পর

একাধিক বিয়ের কথা বলা হয়েছে। এই ধারা অনুযায়ী বহুবিবাহের বিষয়টি চেয়ারম্যান এবং স্বামী-স্ত্রীর প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি সালিশি পরিষদের মাধ্যমে নিষ্পত্তি করা হয়। তবে এই পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত নয় এবং ভুক্তভোগীর আবেদনের পরিপ্রেক্ষিতে সালিশি পরিষদের সিদ্ধান্ত সহকারী জজ দ্বারা সংশোধনযোগ্য। তবে সালিশি পরিষদের অনুমতি ছাড়াই সম্পন্ন হওয়া কোনো বহুবিবাহ (২য়/৩য়/৪র্থ বিয়ে) বাতিল হয়ে যায় না। হাইকোর্ট বলেছে, মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশের ৬ ধারা নারী নাগরিকদের কোনো মৌলিক অধিকার লঙ্ঘন করে না। সেজন্য এ সংক্রান্ত রুলটি খারিজ করা হলো।

রায়ে হাইকোর্ট বলেছে, রিটকারী একজন আইনজীবী, তিনি নারীদের সম্মান এবং পারিবারিক বৃহত্তর সুরক্ষার জন্য বহুবিবাহের বর্তমান আইনকে চ্যালেঞ্জ করেছেন। যা নিঃসন্দেহে নারীদের অধিকার এবং জনস্বার্থে করা হয়েছে। তাই এই রিট পিটিশনকে জনস্বার্থে করা রিট পিটিশন হিসেবে গণ্য করা হলো এবং পিটিশনারের এ ধরনের রিট করার এখতিয়ার রয়েছে। রায়ে বলা হয়েছে, তিউনিশিয়া ১৯৫৭ সালে বহুবিবাহ নিষিদ্ধ করেছে। ১৯২৬ সালে তুর্কি মুসলিম দেশ হওয়া সত্ত্বেও বহুবিবাহকে নিষিদ্ধ করেছে। হাইকোর্ট ইতিপূর্বে সরকারকে বহুবিবাহের আইন পরিবর্তন করে অথবা বর্তমান আইনকে বাদ দিয়ে বহুবিবাহকে নিষিদ্ধ করার ওপর গুরুত্বারোপ করেছেন। আরবিট্রেশন কাউন্সিল চাইলে বহুবিবাহের অনুমতি নাকচ করতে পারে তাই এটি বৈষম্যমূলক নয় এবং সংবিধানের ৪১ অনুচ্ছেদ অনুযায়ী ধর্মীয় স্বাধীনতা রয়েছে। এমতাবস্থায় আইনটি সংবিধান পরিপন্থি নয়।

মোসাব্বিরকে গুলি করে

১৬ পৃষ্ঠার পর

করে বের করব। তবে এর পেছনে আর কেউ জড়িত আছে কি না, বা কেউ অর্থের বিনিময়ে এ হত্যাকাণ্ড ঘটিয়েছে কি না—সেসব বিষয়ও গভীরভাবে খতিয়ে দেখা হচ্ছে। তিনি জানান, পলাতক দ্বিতীয় শুটার রহিমকে গ্রেফতারের জন্য অভিযান অব্যাহত রয়েছে।

মামলা জিবিতে : ডিবির তেজগাঁও বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মো. জিয়াউদ্দিন আহম্মেদ জানিয়েছেন, মামলার তদন্ত গতকাল রবিবার ডিবিতে স্থানান্তর হয়েছে। গ্রেফতারকৃত আসামিদেরকে আজ সোমবার রিমান্ডে আবেদন জানিয়ে আদালতে পাঠানো হবে। তিনি আরো জানান, সিসিটিভি ফুটেজ দেখে নিশ্চিত হওয়া গেছে প্রথম শুটার জিল্লাত। দ্বিতীয় শুটার জিল্লাতের আপন ভাই রহিম। সে পলাতক রয়েছে।

উল্লেখ্য, গত বুধবার রাত সাড়ে ৮টার দিকে রাজধানীর তেজতুরী বাজার এলাকার স্টার হোটেলের গলিতে সন্ত্রাসীদের গুলিতে নিহত হন আজিজুর রহমান মোসাব্বির (৪৫)। ঘটনাস্থলেই তিনি প্রাণ হারান। এই হত্যাকাণ্ডের ঘটনায় বৃহস্পতিবার মোসাব্বিরের স্ত্রী সুরাইয়া আক্তার তেজগাঁও থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। মামলায় অজ্ঞাতনামা চার থেকে পাঁচ জনকে আসামি করা হয়।

ভেঙে পোড়ো না

১৬ পৃষ্ঠার পর

প্রেসিডেন্ট ডেলসি। এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ভেনিজুয়েলার শাসন কর্মসূচি নিয়ে কোনো অনিশ্চয়তা নেই। এখানকার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো। উল্লেখ্য, গত ৩ জানুয়ারি ভোররাতে ভেনিজুয়েলায় দুঃসাহসিক অভিযান চালিয়েছিল মার্কিন যুক্তরাষ্ট্র। প্রেসিডেন্টের যাবতীয় নিরাপত্তাব্যবস্থা ভেঙে শোয়ার ঘর থেকে অপহরণ করে নিয়ে যাওয়া হয় প্রেসিডেন্ট মাদুরো ও তার স্ত্রী সিলিয়া ফ্লোরেসকে।

কঠিন এই সময়ে দেশবাসীকে ঐক্যবদ্ধ থাকার ও হার না মানার আবেদন জানিয়ে আবেগের সুরে মাদুরো বলেন, আমরা ঠিক আছি। শান্ত আছি। আপনারা আমাদের রাজপথে দেখতে পাবেন। জনগণের পাশেই মর্যাদার পতাকা ওড়াতে দেখবেন আমাদের। একই সঙ্গে বলেন, তারা আমাদের দুর্বল হিসেবে দেখতে চায়। কিন্তু আমরা কোনোরকম দুর্বলতা দেখাব না। একই সঙ্গে বলেন, যা ঘটেছে তা আমার জন্য অত্যন্ত কঠোর, তীব্র রাগ হচ্ছে। কিন্তু আমি আমার মায়ের নামে প্রতিজ্ঞা করে বলছি, ওরা জিততে পারবে না। এর আগে যাদের বিশ্বাসঘাতকতার জন্য আমেরিকা নিকোলাস মাদুরোকে গ্রেফতার করেছে তাদের উদ্দেশে গুয়েরা বলেন, ইতিহাস বলবে বিশ্বাসঘাতক কে ছিল। ইতিহাসই সেই সত্য প্রকাশ্যে আনবে। আমরা সেটা দেখব। —জি নিউজ

নেপালকে বাংলাদেশ হতে

১৬ পৃষ্ঠার পর

বলে আজ ছাড়ো, কাল ছাড়ো, পরও ছাড়ো। কিন্তু ছাড়ার মানে কী?' তিনি আরো বলেন, সরকার দায়িত্ব ছাড়লে তারাই আবার পরদিন অপমান করে বলে, 'তোমাদের সুযোগ ছিল, এখন চলে যাও।' এতে সরকারের অবস্থান লোদুল্যমান হয়ে পড়ছে বলেও মন্তব্য করেন তিনি।

এদিকে নেপালে ফের রাজতন্ত্র ফিরিয়ে আনার দাবি উঠেছে। চলতি বছরের মার্চ মাসেই নেপালে সাধারণ নির্বাচন হওয়ার কথা। এর আগে গতকাল রবিবার ফের সেখানে রাজতন্ত্র ফেরানোর দাবিতে মিছিল করে রাজতন্ত্রের সমর্থকরা। বার্তা সংস্থা এপি জানিয়েছে, রবিবার রাজা পৃথ্বীনারায়ণ শাহের ভাস্কর্যের সামনে এই মিছিল হয়েছে। সেখানেই রাজা জ্ঞানেন্দ্র এবং রাজতন্ত্রকে ফিরিয়ে আনার দাবিতে স্লোগান দেওয়া হয়। বিক্ষোভকারীদের তরফে সম্রাট থাপা বলেছেন, 'এই দেশের জন্য শেষ এবং একমাত্র বিকল্প হলো রাজা এবং রাজতন্ত্র। জেন-জি আন্দোলনের জেরে দেশ যে পথে এগিয়েছে, তা নিয়ন্ত্রণে রাজতন্ত্র পুনরুদ্ধার করা প্রয়োজন।'

পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন ও পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ইসহাক দার —সংগৃহীত

বগুড়ায় ব্যবসায়ীকে হত্যা, ধানখেতে লাশ নিক্ষেপ

ভোলায় বিদ্যালয়সংলগ্ন বাগানে মিলল শিশু শিক্ষার্থীর ফাঁস দেওয়া মরদেহ

■ শেরপুর (বগুড়া) সংবাদদাতা

বগুড়ার শেরপুর উপজেলায় আব্দুল হামিদ মন্ডল (৩৮) নামে এক ব্যবসায়ীকে হত্যার পর লাশ ধানখেতে ফেলে রেখে গেছে দুর্বৃত্তরা। গতকাল রবিবার সকালে উপজেলার জামালপুর গ্রামের রাস্তার পাশের ঐ খেত থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। তিনি ঐ গ্রামের মোস্তাজ মন্ডলের ছেলে এবং দীর্ঘদিন ধরে ধানের ব্যবসার সঙ্গে যুক্ত ছিলেন।

স্থানীয়রা জানান, কৃষকরা মাঠে যাওয়ার সময় ধানখেতে মরদেহটি দেখতে পান। স্বজনরা এসে মরদেহ শনাক্ত করেন। মরদেহের গলা, নাক ও ঘাড়ে আঘাতের চিহ্ন পাওয়া গেছে। নিহতের বড় ভাই গোলাম মোস্তফা জানান, ব্যবসায়িক লেনদেনের কারণে আব্দুল হামিদের কাছে নগদ টাকা থাকার কথা ছিল। তার ধারণা, টাকা লুটের উদ্দেশ্যে তাকে হত্যা করা হতে পারে।

থানার অফিসার ইনচার্জ (ওসি) ইব্রাহিম আলী বলেন, প্রাথমিকভাবে এটি হত্যাকাণ্ড বলে ধারণা করা হচ্ছে। মরদেহ ময়নাতদন্তের জন্য বগুড়া শহিদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে এবং ঘটনায় জড়িতদের শনাক্তে তদন্ত চলছে।

লালমোহনে শিক্ষার্থীর মরদেহ উদ্ধার : লালমোহন (ভোলা) সংবাদদাতা জানান, উপজেলার কামারুরখাল এলাকার একটি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন বাগানে সুপারিগাছের সঙ্গে গলায় দড়ি দিয়ে ফাঁস দেওয়া অবস্থায় মো. তামিম (১১) নামের এক শিশু শিক্ষার্থীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। নিহত তামিম স্থানীয় কালামবুল্লা এলাকার দিনমজুর রফিক মিয়ার ছেলে এবং সে দ্বিতীয় শ্রেণির ছাত্র।

নিহত তামিমের দাদা শফিক মাঝির দেওয়া তথ্যের ভিত্তিতে থানার অফিসার ইনচার্জ মো. অলিউল ইসলাম জানান, গতকাল রবিবার সকালে ছেলেটি তার দাদা শফি মাঝির সঙ্গে জনতাবাজারের রাইস মিলে ধান ভাঙাতে যায়। দাদা যখন ধান ভাঙানোয় ব্যস্ত হয়ে পড়েন, তখন তামিম দাদার চোখের আড়াল হয়ে যায়। কিছুক্ষণ পর লোকমারফতে দাদা শফি মাঝি জানতে জনতাবাজারের কাছে পূর্ব চতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে নাতির ফাঁস দেওয়া লাশ পড়ে আছে। পুলিশ লাশ উদ্ধার করে ভোলা হাসপাতাল মর্গে পাঠায়। ওসি বলেন, লাশের শরীরে কোনো ধরনের আঘাতের চিহ্ন পাওয়া যায়নি এবং পরিবারের লোকেরা এ বিষয়ে এখনো কোনো অভিযোগ দেয়নি।

মোংলায় কোস্ট গার্ডের অভিযানে অপহৃত নারী উদ্ধার

অপহরণকারী আটক

■ মোংলা (বাগেরহাট) সংবাদদাতা

বাংলাদেশ কোস্ট গার্ড পশ্চিম জোনের বিশেষ অভিযানে অপহৃত নারী উদ্ধার ও এক অপহরণকারী আটক হয়েছে। গতকাল রবিবার কোস্ট গার্ড মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সিয়াম-উল-হক এ তথ্য জানান। তিনি বলেন, গত ২০ ডিসেম্বর সুন্দরবন ভ্রমণের উদ্দেশ্যে আসা মোছা. লিমা খাতুন (১৮) নামে এক নারীকে বেশিলে খুলনার দাকোপ থানাধীন বানিশান্তা এলাকায় অপহরণ করা হয়। ভুক্তভোগী নারী দীর্ঘ সময় বাড়িতে না ফেরায় তার স্বামী সোনাডাঙ্গা থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেন। পরবর্তী সময় গত ১০ জানুয়ারি সন্ধ্যায় ৬টায় ভুক্তভোগীর স্বামী বানিশান্তা এলাকায় গিয়ে স্থানীয় এক ব্যক্তির সহায়তায় স্ত্রীকে উদ্ধার করে নিয়ে আসার চেষ্টা করেন। এ সময় সাগর বেপারী (২৫) নামক অপহরণকারী তাদেরকে অনুসরণ করে মোংলা বাসস্ট্যান্ড এলাকায় উপস্থিত হয়ে ভুক্তভোগীর স্বামী পরিচয়ে পুনরায় তাকে জোরপূর্বক নিয়ে যাওয়ার চেষ্টা করে। বিষয়টি কোস্ট গার্ড অবগত হলে কোস্ট গার্ড বেইস মোংলা হতে একটি উদ্ধারকারী দল তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে পৌঁছায়। এ সময় অভিযানিক দল অপহৃত নারীকে উদ্ধার করার পাশাপা